

১৭২ নং তাল-একতালা

জন্ম নিল শ্রীহরিচন্দ্র নমঃশুদ্র কুলে।

গোলোক ছেড়ে গোলোকের ধন এল ভূতলে ॥

- ১। সত্য, ত্রেতা দ্বাপরেতে জন্ম নিল রাজ কুলেতে।
কলিতে ব্রাহ্মণের কুলে, গৌরাজ রূপ হলে ॥
- ২। কলির শেষে বঙ্গদেশে, দীন হীন কাঙ্গালের বেশে।
জগৎ ভাসায় প্রেম রসেতে, হরিনামের হিক্সোলে ॥
- ৩। নমঃশুদ্র নয়ত ক্ষুদ্র সর্বজাতি হতে ভদ্র।
মহামুনি কাশ্যপের গোত্র বেদে তাই বলে ॥
- ৪। মহাকালের মহানাম, মহামন্ত্র এই হরিনাম।
দিলেন হরি গুণধাম যবন, ব্রাহ্মণ, চণ্ডালে ॥
- ৫। সাজ পাজ সঙ্গে করি অবনীতে এলেন হরি।
হরিনামের ডঙ্কা মারি জগৎ মাতালে ॥
- ৬। তারকচাঁদ তাই ডেকে বলে, কি হবে তোর জাতি কুলে।
অশ্বিনী তুই অবোধ ছেলে, দেখনা চেয়ে নয়ন মেলে ॥

১৭৩ তাল-গড়খেমটা

কেন মিছামিছি ভাব দেখাও, ভাব না জেনে ভাবুক হতে চাও।

- ১। এ ভবে ভাবের অভাব নাই, ভাবের মজে র'য় সবাই,
অমর ভাবে মধুর ভাবনা, ফুলের সে ভাবনা নাই।
ফুলে ভাবে মালার ভাবনা, মালা ভাবে গলায় দাও ॥